দৈনিক ইত্তেফাক

তারিখ 27 FEB 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# রাজাকারের স্ত্রীর নামে প্রতিষ্ঠিত স্কুলের নাম পরিবর্তন

■ ফরিদগঞ্জ (চাঁদপুর) সংবাদদাতা

ফরিদগঞ্জ উপজেলায় রাজাকার ও স্বাধীনতা-বিরোধী সাবেক মন্ত্রী মরহুম এম এ মান্নানের স্ত্রীর নামে প্রতিষ্ঠিত কেরোয়া হোসনে আরা বেগম আদর্শ বালিকা বিদ্যালয়ের নাম অবশেষে হাইকোর্টের নির্দেশে মুছে দিয়েছে উপজেলা প্রশাসন। এখন থেকে এটি কেরোয়া আদর্শ বালিকা বিদ্যালয় নামে পরিচিত হবে। গত বুধবার উপজেলা নির্বাহী কর্মকর্তা ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী ও সহকারী কমিশনার (ভূমি) মোমেনা আক্তার উপস্থিত থেকে বিদ্যালয়ের পুরনো নাম মুছে ফেলে কালো কালির লেপন দেন।

এ বিষয়ে ইউএনও ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী জানান, তিনি হাইকোর্টের নির্দেশ প্রতিপালন করেছেন। এদিকে বিতর্কিত ও স্বাধীনতা-বিরোধী রাজাকার এম এ মান্নানের নাম ফরিদগঞ্জ মজিদিয়া কামিল মাদ্রাসার ফটকে ও ইসলামপুর ফাজিল মাদ্রাসা কমপ্লেক্স ও কেরোয়া মজিদিয়া ট্রাস্ট জামে মসজিদের গায়ে শোভা পাচ্ছে। নাম মোচনের ক্ষেত্রে এলাকায় পক্ষে-বিপক্ষে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে।